রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১২, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/১২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নম্বর-১৮৯-আইন/২০২২।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **‘জিপিএ’** অর্থ Grade Point Average (GPA);

(খ) **‘তফসিল’** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **‘নিয়োগকারী কর্তৃপক্ষ’** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মচারী;

(ঘ) **‘পদ’** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **‘শিক্ষানবিশ’** অর্থ কোনো স্থায়ী পদের বিপরীতে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগকৃত কোনো কর্মচারী যাহার চাকরি স্থায়ীকরণ করা হয় নাই;

(চ) **‘বাছাই কমিটি’** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি;


**মূল্য :** টাকা ৪৮.০০

(ছ) **‘সক্রিয় শিক্ষকতা’** অর্থ চাকরিকালীন সময় পাঠদান ও গবেষণা অথবা উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কাল (যদি সংশ্লিষ্ট শিক্ষক অর্জিত ডিগ্রি সম্পন্ন করিয়া সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে কাজে যোগদান করেন);

(জ) **‘সিজিপিএ’** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **‘স্বীকৃত বিশ্ববিদ্যালয়’** বা **‘স্বীকৃত প্রতিষ্ঠান’** বা **‘স্বীকৃত ইনস্টিটিউট’** বা **‘স্বীকৃত বোর্ড’** অর্থ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) পদায়ন/প্রেষণের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে ডাইরেক্টর জেনারেল অব মেডিকেল সার্ভিসেস (ডিজিএমএস) কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত

ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয় বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৪) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৫) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য এবং পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ বিবেচনা করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর বয়স উত্তীর্ণ কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষনবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিল-১ ও তফসিল-২ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় প্রকার কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) তফসিল-২ এর ক্রমিক নং ২৩, ৪২ ও ৪৫ এ উল্লিখিত উপ-সহকারী প্রকৌশলী (ওয়ার্কশপ), টেকনিশিয়ান (মাইক্রোওয়েভ) ও টেকনিশিয়ান (লাইন এন্ড ইকুইপমেন্ট) পদে কর্মরত কর্মচারীদের পদ, পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত শূন্য পদসমূহ বিলুপ্ত হইবে এবং উক্ত পদে কোনো নূতন নিয়োগ প্রদান করা যাইবে না।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) মিলিটারী ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজী নিয়োগ বিধিমালা, ২০০৫, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন—

(ক) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে;

(খ) নিয়োগপ্রাপ্ত সকল কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন; এবং

(গ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

**[বিধি ২ এর দফা (খ) এবং বিধি ৩ ও ৭ দ্রষ্টব্য]**

**সামরিক**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | কমান্ড্যান্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর জেনারেল পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২। | অধ্যাপক (ব্রিগেডিয়ার জেনারেল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল, নৌবাহিনীর কমডোর বা বিমান বাহিনীর এয়ার কমডোর পদের কর্মকর্তা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৩। | কর্ণেল স্টাফ | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর কর্ণেল পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪। | পরিচালক প্রশাসন | | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্ণেল পদের কর্মকর্তা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | ডাইরেক্টর অব স্টুডেন্টস ওয়েলফেয়ার (কর্ণেল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্ণেল পদের কর্মকর্তা। |
| ৬। | অধ্যাপক (কর্ণেল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | **প্রকৌশল বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর কর্ণেল, নৌবাহিনীর ক্যাপ্টেন বা বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>**বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর কর্ণেল, নৌবাহিনীর ক্যাপ্টেন বা বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন পদের কর্মকর্তা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**মানবিক বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর কর্ণেল, নৌবাহিনীর ক্যাপ্টেন বা বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন পদের কর্মকর্তা; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৭। | সহযোগী অধ্যাপক (লেফটেন্যান্ট কর্ণেল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | **প্রকৌশল বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল, নৌবাহিনীর কমান্ডার বা বিমান বাহিনীর উইং কমান্ডার পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>**বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল, নৌবাহিনীর কমান্ডার বা বিমান বাহিনীর উইং কমান্ডার পদের কর্মকর্তা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **মানবিক বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল, নৌবাহিনীর কমান্ডার বা বিমান বাহিনীর উইং কমান্ডার পদের কর্মকর্তা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৮। | সিনিয়র প্রোগ্রামার/ প্রশিক্ষক শ্রেণি-এ | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৯। | জেনারেল স্টাফ অফিসার-১ (জিএসও-১) (একাডেমিক) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) নৌবাহিনীর কমান্ডার পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১০। | জেনারেল স্টাফ অফিসার-১ (জিএসও-১) (এক্সাম) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) বিমান বাহিনীর উইং কমান্ডার পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১১। | জেনারেল স্টাফ অফিসার-১ (জিএসও-১) (রিসার্চ) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের লেফটেন্যান্ট কর্ণেল পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১২। | জেনারেল স্টাফ অফিসার-১ (জিএসও-১) (আইসিটি) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৩। | সহকারী অধ্যাপক (মেজর) | - | প্রেষণে বদলির মাধ্যমে | **প্রকৌশল বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর মেজর, নৌবাহিনীর লেফটেন্যান্ট কমান্ডার বা বিমান বাহিনীর স্কোয়াড্রন লিডার পদের কর্মকর্তা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর মেজর, নৌবাহিনীর লেফটেন্যান্ট কমান্ডার বা বিমান বাহিনীর স্কোয়াড্রন লিডার পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>**মানবিক বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর মেজর, নৌবাহিনীর লেফটেন্যান্ট কমান্ডার বা বিমান বাহিনীর স্কোয়াড্রন লিডার পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | প্রভাষক (ক্যাপ্টেন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | **প্রকৌশল বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর ক্যাপ্টেন, নৌবাহিনীর লেফটেন্যান্ট বা বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর ক্যাপ্টেন, নৌবাহিনীর লেফটেন্যান্ট বা বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>**মানবিক বিভাগের ক্ষেত্রে:**<br>(ক) সেনাবাহিনীর ক্যাপ্টেন, নৌবাহিনীর লেফটেন্যান্ট বা বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ১৫। | পার্সোনাল সেক্রেটারি (পিএস) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৬। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (একাডেমিক) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৭। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) রিসার্চ এন্ড ডেভলপমেন্ট (আরএন্ডডি) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) বিমান বাহিনীর স্কোয়াড্রন লিডার পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৮। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (রিসার্চ) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর সিগন্যালস্ কোরের মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৯। | লিগ্যাল অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২০। | ডেপুটি এ্যাসিস্টেন্ট এডজুটেন্ট এন্ড কোয়ার্টার মাস্টার জেনারেল (ডিএএন্ডকিউএমজি) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ২১। | মেডিকেল অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি মেডিকেল কোর (এএমসি) এর মেজর পদের কর্মকর্তা। |
| ২২। | জেনারেল স্টাফ অফিসার-১ (জিএসও-১) (ওয়ার্কশপ) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স কোর (ইএমই) এর লেফটেন্যান্ট কর্ণেল পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্র প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৩। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (সদরদপ্তর) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৪। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৫। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি সার্ভিস কোর (এএসসি) এর মেজর পদের কর্মকর্তা। |
| ২৬। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৭। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৮। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) আরকাইভ রিসার্চ স্ট্যান্ডার্ডাইজেশন টেস্টিং এন্ড কনসালটেন্সি (এআরএসটিসি) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৯। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) স্টুডেন্ট সাপোর্ট (এসএস) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩০। | একাউন্ট অফিসার (কম্পট্রোলার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (মেস) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা। |
| ৩২। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (প্রকিউরমেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা। |
| ৩৩। | জেনারেল স্টাফ অফিসার-২ (জিএসও-২) (একাউন্টস) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর পদের কর্মকর্তা। |
| ৩৪। | জেনারেল স্টাফ অফিসার-৩ (জিএসও-৩) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ক্যাপ্টেন পদের কর্মকর্তা। |
| ৩৫। | কোয়ার্টার মাস্টার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ক্যাপ্টেন পদের কর্মকর্তা। |
| ৩৬। | এডমিন জুনিয়র কমিশন্ড অফিসার (এডমিন জেসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের মাস্টার ওয়ারেন্ট অফিসার। |
| ৩৭। | হেড ক্লার্ক | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি ক্লারিক্যাল কোর (এসিসি) এর সিনিয়র ওয়ারেন্ট অফিসার। |
| ৩৮। | সিনিয়র ওয়ারেন্ট অফিসার (ইলেকট্রিক্যাল/ রেডিও ইলেকট্রিক্যাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস্ কোরের সিনিয়র ওয়ারেন্ট অফিসার। |
| ৩৯। | সিনিয়র ওয়ারেন্ট অফিসার (এসি ফিটার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের সিনিয়র ওয়ারেন্ট অফিসার। |
| ৪০। | ওয়ার্কশপ জুনিয়র কমিশন্ড অফিসার (ওয়ার্কশপ জেসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) নৌবাহিনীর চিফ পেটি অফিসার (সিপিও); এবং<br>(খ) নৌবাহিনীর চিফ ইঞ্জিন আর্টিফিসার কোর্স উত্তীর্ণ। |
| ৪১। | মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) জুনিয়র কমিশন্ড অফিসার (এমটি জেসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ওয়ারেন্ট অফিসার; এবং<br>(খ) আর্মি সার্ভিস কোর (এএসসি) এর মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) কোর্স উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪২। | জুনিয়র কমিশন্ড অফিসার (জেসিও) কোয়ার্টার মাস্টার (জেসিওকিউএম) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ওয়ারেন্ট অফিসার। |
| ৪৩। | জুনিয়র কমিশন্ড অফিসার (জেসিও) ক্লার্ক | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি ক্লারিক্যাল কোর (এসিসি) এর ওয়ারেন্ট অফিসার। |
| ৪৪। | এডুকেশন জুনিয়র কমিশন্ড অফিসার (এডুকেশন জেসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি এডুকেশন কোর (এইসি) এর ওয়ারেন্ট অফিসার। |
| ৪৫। | স্পোর্টস জুনিয়র কমিশন্ড অফিসার (স্পোর্টস জেসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর পদাতিক রেজিমেন্টের ওয়ারেন্ট অফিসার। |
| ৪৬। | ডেপুটি এ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি এডুকেশন কোর (এইসি) এর ওয়ারেন্ট অফিসার। |
| ৪৭। | ওয়ারেন্ট অফিসার [ফোরম্যান অব সিগন্যালস্ (এফঅবএস)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস্ কোরের ওয়ারেন্ট অফিসার। |
| ৪৮। | ওয়ারেন্ট অফিসার [টেকনিক্যাল-বি-ভেহিকেল (টিবিভি)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স কোর (ইএমই) এর ওয়ারেন্ট অফিসার। |
| ৪৯। | ওয়ারেন্ট অফিসার [আরম্যামেন্ট আর্টিফিসার টেলিকমিউনিকেশনস টেকনিশিয়ান (এএটিটি)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স কোর (ইএমই) এর ওয়ারেন্ট অফিসার। |
| ৫০। | ওয়ারেন্ট অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স (ইএমই) কোরের ওয়ারেন্ট অফিসার এবং বিমান বাহিনীর ইলেকট্রিক্যাল ট্রেডের ওয়ারেন্ট অফিসার। |
| ৫১। | ওয়ারেন্ট অফিসার (রাডার ফিটার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের ওয়ারেন্ট অফিসার। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫২। | ওয়ারেন্ট অফিসার (এসি ফিটার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের ওয়ারেন্ট অফিসার। |
| ৫৩। | ওয়ারেন্ট অফিসার (জেনারেল ইঞ্জিনিয়ারিং) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের ওয়ারেন্ট অফিসার। |
| ৫৪। | ওয়ারেন্ট অফিসার (রেডিও ফিটার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের ওয়ারেন্ট অফিসার। |
| ৫৫। | ওয়ারেন্ট অফিসার [লাইভ সেভিং ইকুইপমেন্ট (এলএসই)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের ওয়ারেন্ট অফিসার। |
| ৫৬। | চিফ পেটি অফিসার (সিপিও) [ইলেক্ট্রিক্যাল (ই)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের চিফ পেটি অফিসার। |
| ৫৭। | চিফ ইঞ্জিনিয়ার আর্টিফিশার (সিইআরএ) | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর সংশ্লিষ্ট সিনিয়র চিফ পেটি অফিসার। |
| ৫৮। | পার্সোনাল অ্যাসিসটেন্ট (পিএ) স্টেনো | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি ক্লারিক্যাল কোর (এসিসি) এর স্টেনো। |
| ৫৯। | ক্লার্ক/কম্পিউটার অপারেটর (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সংশ্লিষ্ট ট্রেডের সেনাবাহিনীর সার্জেন্ট, নৌবাহিনীর পেটি অফিসার বা বিমান বাহিনীর সার্জেন্ট। |
| ৬০। | কোম্পানি কোয়ার্টার মাস্টার সার্জেন্ট (সিকিউএমএস) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের সার্জেন্ট। |
| ৬১। | কোম্পানি সার্জেন্ট মেজর (সিএসএম) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের সার্জেন্ট। |
| ৬২। | সার্ভেয়ার | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের সার্জেন্ট; এবং<br>(খ) সেনাবাহিনীর সার্ভেয়ার ট্রেড কোর্স উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৩। | ট্রেনিং নন কমিশন্ড অফিসার (ট্রেনিং এনসিও) (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সার্জেন্ট, নৌবাহিনীর পেটি অফিসার বা বিমান বাহিনীর সার্জেন্ট। |
| ৬৪। | মেডিকেল এ্যাসিসটেন্ট (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি মেডিকেল কোর (এএমসি) এর সার্জেন্ট। |
| ৬৫। | টেকনিক্যাল-বি-ভেহিকেল (টিবিভি) (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স (ইএমই) কোরের সার্জেন্ট। |
| ৬৬। | প্রভোস্ট নন কমিশন্ড অফিসার (প্রভোস্ট এনসিও) (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সার্জেন্ট, নৌবাহিনীর পেটি অফিসার বা বিমান বাহিনীর সার্জেন্ট। |
| ৬৭। | ব্যারাক এবং সেনেটারি নন কমিশন্ড অফিসার (ব্যারাক এবং সেনেটারি এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের সার্জেন্ট। |
| ৬৮। | মেস নন কমিশন্ড অফিসার (মেস এনসিও) (পেটি অফিসার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর পেটি অফিসার। |
| ৬৯। | আর্কাইভ নন কমিশন্ড অফিসার (আর্কাইভ এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর অর্ডন্যান্স কোরের সার্জেন্ট। |
| ৭০। | স্পোর্টস নন কমিশন্ড অফিসার (স্পোর্টস এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর পেটি অফিসার। |
| ৭১। | সার্জেন্ট (ফটো) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের সার্জেন্ট। |
| ৭২। | পেটি অফিসার (টেকনিক্যাল ট্রেড) | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের পেটি অফিসার। |
| ৭৩। | পেটি অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর পেটি অফিসার। |
| ৭৪। | মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) ড্রাইভার (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি সার্ভিস কোর (এএসসি) এর সার্জেন্ট। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭৫। | ড্রাফটসম্যান (সার্জেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ড্রাফটসম্যান ট্রেডের সার্জেন্ট। |
| ৭৬। | ল্যাবরেটরি সহকারী (সার্জেন্ট) [এ্যাসিস্টেন্ট টেলিকম টেকনিশিয়ান (এটিটি) বা ক্যারিয়ার টেকনিশিয়ান (সিটি) বা রেডিও টেকনিশিয়ান (আরটি)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস্ কোরের সার্জেন্ট। |
| ৭৭। | ফ্রেস নন কমিশন্ড অফিসার (ফ্রেস এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সার্জেন্ট বা নৌবাহিনীর পেটি অফিসার। |
| ৭৮। | সার্জেন্ট বা কর্পোরাল (রাডার ফিটার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সংশ্লিষ্ট ট্রেডের সার্জেন্ট বা কর্পোরাল। |
| ৭৯। | ক্লার্ক/কম্পিউটার অপারেটর (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্পোরাল, নৌবাহিনীর লিডিং রাইটার বা বিমান বাহিনীর কর্পোরাল। |
| ৮০। | ড্রাফটসম্যান (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ড্রাফটসম্যান ট্রেডের কর্পোরাল। |
| ৮১। | মেডিকেল এ্যাসিসটেন্ট (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি মেডিকেল কোর (এএমসি) এর কর্পোরাল। |
| ৮২। | পেট্রোলিয়াম অয়েল লুব্রিকেন্ট (পিওএল) নন কমিশন্ড অফিসার (পিওএল এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর পদাতিক রেজিমেন্টের কর্পোরাল। |
| ৮৩। | টেকনিক্যাল-বি-ভেহিকেল (টিবিভি) (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স (ইএমই) কোরের কর্পোরাল। |
| ৮৪। | ট্রেনিং নন কমিশন্ড অফিসার (ট্রেনিং এনসিও) (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্পোরাল, নৌবাহিনীর লিডিং সিম্যান (এলএস) বা বিমান বাহিনীর কর্পোরাল। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮৫। | প্রভোস্ট (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্পোরাল, নৌবাহিনীর লিডিং সিম্যান (এলএস) বা বিমান বাহিনীর কর্পোরাল। |
| ৮৬। | মেস নন কমিশন্ড অফিসার (মেস এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্পোরাল। |
| ৮৭। | স্টোর ম্যান টেকনিশিয়ান (এসএমটি) (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্পোরাল। |
| ৮৮। | অফিসার মেস স্টোর নন কমিশন্ড অফিসার (অফিসার মেস স্টোর এনসিও) (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর পদাতিক রেজিমেন্টের কর্পোরাল। |
| ৮৯। | স্টোর নন কমিশন্ড অফিসার (স্টোর এনসিও) (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের কর্পোরাল। |
| ৯০। | ল্যাবরেটরি সহকারী (কর্পোরাল) [এসিস্টটেন্ট টেলিকম টেকনিশিয়ান (এটিটি) বা ক্যারিয়ার টেকনিশিয়ান (সিটি) বা রেডিও টেকনিশিয়ান (আরটি)] | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস্ কোরের কর্পোরাল। |
| ৯১। | রেশন নন কমিশন্ড অফিসার (রেশন এনসিও) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি সার্ভিস কোর (এএসসি) এর কর্পোরাল। |
| ৯২। | কর্পোরাল | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর কর্পোরাল। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯৩। | মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) ড্রাইভার (কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্পোরাল। |
| ৯৪। | প্রভোস্ট (ল্যান্স কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ল্যান্স কর্পোরাল, নৌবাহিনীর এ্যাবল সিম্যান বা বিমান বাহিনীর ল্যান্স কর্পোরাল। |
| ৯৫। | মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) ড্রাইভার (ল্যান্স কর্পোরাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ল্যান্স কর্পোরাল। |
| ৯৬। | স্টোরম্যান | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌবাহিনীর এ্যাবল সিম্যান বা বিমান বাহিনীর লিডিং এয়ার ক্রাফট ম্যান। |
| ৯৭। | রানার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ল্যান্স কর্পোরাল বা সৈনিক। |
| ৯৮। | ডেসপাস রাইডার (ডিআর) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ল্যান্স কর্পোরাল বা সৈনিক। |
| ৯৯। | বাবুর্চি | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি সার্ভিস কোর (এএসসি) এর বাবুর্চি ট্রেডের ল্যান্স কর্পোরাল বা সৈনিক। |
| ১০০। | মেকানিক্যাল ট্রান্সপোর্ট (এমটি) ড্রাইভার (সৈনিক) | - | প্রেষণে বদলির মাধ্যমে | আর্মি সার্ভিস কোর (এএসসি) এর সৈনিক । |
| ১০১। | প্রভোস্ট (সৈনিক) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সৈনিক, নৌবাহিনীর সিম্যান এবং বিমান বাহিনীর এয়ার ক্রাফট ম্যান। |

**তফসিল-২**
**[বিধি ২ এর দফা (খ) এবং বিধি ৩ ও ৭ দ্রষ্টব্য]**
**অসামরিক**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | অধ্যাপক | ৫০ বৎসর (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **প্রকৌশল বিভাগের ক্ষেত্রে:**<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহযোগী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক পদে ৭ (সাত) টিসহ ১৩ (তেরো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৪ (চার) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (গ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) টিসহ ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(ঘ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি (সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঙ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে।<br>**স্থাপত্য বিভাগের ক্ষেত্রে:**<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহযোগী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৭ (সাত) টিসহ ১৩ (তেরো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৪ (চার) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি;<br>(গ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) টিসহ ১২ (বার) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(ঘ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে ৫ (পাঁচ) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি (সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.২৫ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঙ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে।<br>**বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:**<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহযোগী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সহযোগী অধ্যাপক পদে ৭ (সাত) বৎসরসহ ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক পদে ৭ (সাত) টিসহ ১৩ (তের) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৪ (চার) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৭ (সাত) বৎসরসহ ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) টিসহ ১২ (বারো) টি প্রকাশনা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]; |
| | | | | (গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং |
| | | | | (ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| | | | | **মানবিক বিভাগের ক্ষেত্রে:** |
| | | | | **পদোন্নতির ক্ষেত্রে:** |
| | | | | (ক) সহযোগী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা |
| | | | | সহযোগী অধ্যাপক পদে ৭ (সাত) বৎসরসহ ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; এবং |
| | | | | (খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৭ (সাত) টিসহ ১৩ (তেরো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | Author/Corresponding Author হিসাবে ৪ (চার) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৭ (সাত) বৎসরসহ ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) টিসহ ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | ডিগ্রির যে কোনো একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি এবং অন্যটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.২৫ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| ২। | সহযোগী অধ্যাপক | ৫০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **প্রকৌশল বিভাগের ক্ষেত্রে:**<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহকারী অধ্যাপক পদে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>সহকারী অধ্যাপক পদে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে) এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **স্থাপত্য বিভাগের ক্ষেত্রে:**<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহকারী অধ্যাপক পদে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষাকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>সহকারী অধ্যাপক পদে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে স্থাপত্য বিষয়ে ৫ (পাঁচ) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.২৫ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে।<br>**বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:**<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহকারী অধ্যাপক পদে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| --- | --- | --- | --- | --- |
| | | | | সহকারী অধ্যাপক পদে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে (যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে)।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
